জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৩১. ০০২. ২৫- ৭১৯

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# দোকানের পজেশন বরাদ্দের অনলাইন বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আদিতমারী কেন্দ্রীয় ঈদগাহমাঠকে একসনা ইজারা দেয়া ফাঁকা জায়গার দক্ষিণ পাশে অবস্থিত জেলা পরিষদের মালিকানাধীন ২ (দুই) টি দোকানের পজেশন এবং লালমনিরহাট জেলা পরিষদ সদর ডাকবাংলো চত্বরের উত্তর প্রান্তে অবস্থিত সেমিপাকা ১(এক) টি দোকানঘর শর্তসাপেক্ষে বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে অনলাইনে দরপত্র আহবান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক যথাযথভাবে অনলাইনে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলি মোতাবেক অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

## " পজেশন/ দোকানের বিবরণ"

| ক্র. নং | পজেশন/ দোকানের অবস্থান | পজেশন/ দোকানের সাইজ | সংখ্যা | নূন্যতম সেলামির পরিমাণ (এককালীন অফেরতযোগ্য) | দোকানের ভাড়া |
|---|---|---|---|---|---|
| ০১. | আদিতমারী কেন্দ্রীয় ঈদগাহ মাঠের দক্ষিণ পাশে অবস্থিত পূর্ব দিক হতে ১ম দোকানের পজেশন (১ নং পজেশন) | ১২-০˝ X ১১-০˝ | ১টি | =২,৮০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা। | মাসিক ১, ৫০০/ -, পরবর্তীতে যা বিজ্ঞপ্তির শর্ত ও স্বাক্ষরিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে। |
| ০২. | আদিতমারী কেন্দ্রীয় ঈদগাহ মাঠের দক্ষিণ পাশে অবস্থিত পূর্ব দিক হতে ২য় দোকানের পজেশন (২ নং পজেশন) | ১২-০˝ X ১১-০˝ | ১টি | =২,৮০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা। | মাসিক ১, ৫০০/ -, পরবর্তীতে যা বিজ্ঞপ্তির শর্ত ও স্বাক্ষরিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে। |
| ০৩. | সদর ডাকবাংলোর উত্তর প্রান্তে ৩টি দোকানের মধ্যে পূর্বদিকের ১টি দোকান। (যে অবস্থায় আছে) | ১৫-৬˝ X ১৪-০˝ | ১টি | =৫,৭০,০০০/- (পাঁচ লক্ষ সত্তর হাজার) টাকা। | মাসিক ১, ৫০০/ -, পরবর্তীতে যা বিজ্ঞপ্তির শর্ত ও স্বাক্ষরিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে। |

## "দরপত্র অনলাইনে দাখিল সংক্রান্ত তথ্যাবলি"

| | | |
|---|---|---|
| ০১. | দরপত্র অনলাইনে দাখিল শুরুর তারিখ | ০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. |
| ০২. | দরপত্র অনলাইনে দাখিলের শেষ তারিখ | ২১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. |
| ০৩. | প্রতিটি দরপত্রের ক্রয় মূল্য (অফেরতযোগ্য) | ২,০০০/- (দুই হাজার টাকা) |
| ০৪. | জামানত (ফেরতযোগ্য) | ৫০, ০০০/ - (পঞ্চাশ হাজার টাকা) |

## "শর্তাবলি"

১. বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজপত্র সংযুক্তপূর্বক স্ক্যান করে পিডিএফ ফরমেটে নির্ধারিত সময়সীমার মধ্যে জেলা পরিষদের ইমেইলে (zplalmonirhat@lgd.gov.bd) অথবা হোয়াটসএপে (০১৩১৭৪৭৭৮৪৮) প্রেরণ করতে হবে।

২. আবেদন ফরমের সাথে প্রতিটি পজেশন/ দোকানের জন্য পৃথক পৃথকভাবে দরপত্রের ক্রয় মূল্য বাবদ ২, ০০০/- (দুই হাজার টাকা) এবং জামানতের অর্থ বাবদ ৫০, ০০০/ - (পঞ্চাশ হাজার) টাকা মোট ৫২, ০০০/ - (বাহান্ন হাজার টাকা) নিম্নবর্ণিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি বা অনলাইন ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

| ক্র | ব্যাংকের নাম | শাখার নাম | রাউটিং নম্বর | এ্যাকাউন্ট নম্বর | এ্যাকাউন্ট টাইটেল |
|---|---|---|---|---|---|
| 01. | Rupali Bank Ltd. | Lalmonirhat Corporate Branch | 185520463 | 4432024000009 | Zilla Parishad |

৩. দরপত্রের ক্রয় মূল্য ও জামানত ব্যাংকে জমা প্রদানের রশিদ, আবেদনকারীর ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও কপি, একটি সচল মোবাইল নং এবং প্রযোজ্য অন্যান্য সকল কাগজপত্র আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৪. দরপত্রের ক্রয় মূল্য ও জামানত ব্যাংকে জমা প্রদানের রশিদ ব্যতীত কোন আবেদন বিবেচনা করা হবে না।

৫. প্রস্তাবিত সেলামী মূল্য সুস্পষ্টভাবে অংকে ও কথায় আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন প্রকার কাঁটাকাঁটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

৬. নূন্যতম সেলামী মূল্য অপেক্ষা প্রস্তাবিত সেলামী মূল্য বেশি হলেই কেবল দাখিলকৃত প্রস্তাব গ্রহণযোগ্য হবে। গ্রহণযোগ্য বিবেচিত সর্বোচ্চ প্রস্তাবিত দর এবং অন্যান্য শর্তাদি যথাযথভাবে প্রতিপালনসাপেক্ষে চূড়ান্ত ইজারাগ্রহীতা নির্বাচন করা হবে। একই সর্বোচ্চ সেলামি মূল্যের গ্রহণযোগ্য একাধিক দরপত্র পাওয়া গেলে লটারির মাধ্যমে পজেশন/ দোকান বরাদ্দ প্রদান করা হবে।

৭. চূড়ান্তভাবে অনুমোদনপ্রাপ্ত ইজারা গ্রহীতাকে আবশ্যিকভাবে পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে প্রস্তাবিত সেলামী মূল্য এবং এর উপর প্রযোজ্য ১৫% ভ্যাট ও ১০% আয়কর সহ সমুদয় অর্থ আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে বা ট্রান্সফার করতে হবে। একইসাথে, ৩০০/-(তিন শত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে জেলা পরিষদের সাথে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট পজেশন/ দোকানঘরের দখলনামা গ্রহণ করতে হবে।

৮. যথাসময়ে প্রস্তাবিত সেলামী মূল্য এবং ভ্যাট ও আয়কর বাবদ সমুদয় অর্থ জেলা পরিষদ, লালমনিরহাটের উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদানে ব্যর্থ হলে এবং চুক্তি সম্পাদন না করলে প্রস্তাবিত সেলামী মূল্য গ্রহণযোগ্য হবে না এবং দাখিলকৃত প্রস্তাব বাতিল করা হবে। এক্ষেত্রে জমাকৃত জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং দাখিলকৃত দরপত্র বাতিলপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

৯. চূড়ান্তভাবে নির্বাচিত ইজারাগ্রহীতার জমাকৃত জামানত ব্যতীত অন্যান্য সকল দরপত্র দাখিলকারীর জমাকৃত জামানত যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক আবশ্যিকভাবে ফেরত প্রদান করা হবে। অপরপক্ষে, চূড়ান্তভাবে নির্বাচিত ইজারাগ্রহীতার জমাকৃত জামানত হতে দোকানের বকেয়া মাসিক ভাড়া, বিদ্যুৎ বিল সহ অন্যান্য ইউটিলিটি বিল (প্রযোজ্য ক্ষেত্রে) সমন্বয় করা হবে।

১০. অনলাইনে প্রস্তাব দাখিলের পূর্বে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে সরেজমিনে পজেশন/ দোকান পরিদর্শনপূর্বক আবেদন ফরমে পজেশন/ দোকান নং সঠিকভাবে উল্লেখ করে অনলাইনে যথাযথভাবে সম্ভাব্য সর্বোচ্চ দর দাখিল করার পরামর্শ প্রদান করা হলো। পরবর্তীতে পজেশন/ দোকানঘর সংক্রান্ত কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১১. অনলাইন আবেদন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোন আবেদন বা প্রস্তাব গ্রহণ করা হবে না।

১২. প্রকৃত ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে নিজ নামে ট্রেড লাইসেন্স, ব্যবসার ধরন অনুযায়ী সংশ্লিষ্ট অন্যান্য লাইসেন্স থাকতে হবে এবং তা আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখপূর্বক দাখিলকৃত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উদাহরণস্বরূপঃ ফার্মেসীর জন্য ড্রাগ লাইসেন্স থাকতে হবে।

১৩. অগ্নিকাণ্ড বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে দোকানের কোন ক্ষয়ক্ষতি হলে তার দায়ভার জেলা পরিষদ কর্তৃপক্ষ বহন করবে না বা কোন আর্থিক সহযোগিতা দিতে বাধ্য থাকবে না।

১৪. নির্দিষ্ট সীমানার বাহিরে কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন ধরণের স্থায়ী/ অস্থায়ী অবকাঠামো নির্মাণ করা যাবে না। তবে উপযুক্ত অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট সীমানার মধ্যে ইজারাদার নিজ খরচে নতুন করে সেমিপাকা দোকান নির্মাণ বা প্রয়োজনীয় সংস্কার বা মেরামত বা অভ্যন্তরীণ সাজসজ্জা করতে পারবে।

১৫. প্রতিবেশী বা পার্শ্ববর্তী দোকানের জন্য বিরক্তির উদ্রেক করে এমন কোন কার্যকলাপ পরিচালনা করা যাবে না।

১৬. বরাদ্দকৃত দোকানে কোন প্রকার অবৈধ মালামাল ও সরকার কর্তৃক নিষিদ্ধ পণ্যের ব্যবসা করা যাবে না।

১৭. দোকানের মাসিক ভাড়া ১,৫০০/- (এক হাজার পাঁচ শত টাকা) হবে যা চুক্তি সম্পাদনের তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত প্রযোজ্য হবে। পরবর্তীতে প্রতি বছর ৫% হারে মাসিক ভাড়া বৃদ্ধি পাবে, যা ১৫(পনের) বছর পর্যন্ত কার্যকর থাকবে। পরবর্তীতে বাজার দর যাচাই করে বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দোকানের মাসিক ভাড়া পুনরায় নির্ধারণ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৮. পজেশন/ দোকানঘর বরাদ্দের তারিখ হতে প্রতি মাসের নির্ধারিত ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় প্রতি মাসের বকেয়া ভাড়ার সাথে ২০% অতিরিক্ত ভাড়া পরিশোধ করতে হবে। তবে অতিরিক্ত ভাড়া পরিশোধসাপেক্ষে বকেয়া ভাড়া পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ১ (এক) বছর পর্যন্ত প্রযোজ্য হবে। বরাদ্দ গ্রহীতাকে নিজ দায়িত্বে বৈদ্যুতিক সংযোগসহ অন্যান্য নাগরিক সুবিধা গ্রহণ করতে হবে এবং বিদ্যুৎ বিলসহ অন্যান্য সকল বিল নির্ধারিত সময়ে বরাদ্দ গ্রহীতাকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে। সকল বিল পরিশোধের কপি মাসিক ভাড়া প্রদানের কপির সাথে জেলা পরিষদে দাখিল করতে হবে। দোকান ভাড়া এবং অন্যান্য ইউটিলিটি বিল ১ (এক) বছরের বেশি বকেয়া হলে তাৎক্ষণিকভাবে বিনা নোটিশে পজেশন/ দোকানের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে পরিশোধিত সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

১৯. বরাদ্দ গ্রহীতা বরাদ্দ প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে বরাদ্দ বাতিলের জন্য আবেদন করলে সেলামীর পুরো অর্থ ফেরত প্রদান করা হবে। বরাদ্দ বাতিলের জন্য পাঁচ হতে দশ বছরের মধ্যে আবেদন করলে সেলামী মূল্যের ৫০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে। দশ বছর পরে বরাদ্দ বাতিলের আবেদন করলে সেলামির কোন অর্থ ফেরত প্রদান করা হবে না।

২০. কর্তৃপক্ষের প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বা কোনরূপ ভর্তুকি প্রদান না করেই পজেশন/ দোকানের বরাদ্দ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সেক্ষেত্রে পরিশোধিত সেলামি ও প্রয়োজনীয় সমন্বয়সাপেক্ষে জমাকৃত জামানত বরাদ্দ গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।

২১. ভবিষ্যতে উক্ত স্থানে বহুতল মার্কেট নির্মাণের ক্ষেত্রে দোকানের পজেশন জেলা পরিষদ বরাবর হস্তান্তর করতে হবে এবং বরাদ্দ গ্রহীতার পরিশোধিত সেলামি ও প্রয়োজনীয় সমন্বয়সাপেক্ষে জমাকৃত জামানত বরাদ্দ গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে। বরাদ্দ প্রদানের দশ বছরের মধ্যে উক্ত স্থানে বহুতল মার্কেট নির্মাণ করা হলে নবনির্মিত বহুতল মার্কেটের সেলামি মূল্য পরিশোধসাপেক্ষে বর্তমান বরাদ্দ গ্রহীতা নতুন পজেশন/ দোকান বরাদ্দ গ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে তা নবনির্মিত মার্কেটে দোকানপ্রাপ্তির কোনরূপ নিশ্চয়তা প্রদান করবে না।

২২. পজেশন হস্তান্তর মূল্যের ১০% ফি (তবে তা কোন ভাবে সেলামি মূল্যের ১০% এর কম নয়) জেলা পরিষদের অনুকূলে জমা প্রদানপূর্বক পজেশন হস্তান্তরের লিখিত অনুমোদনের জন্য আবেদন করতে হবে। নতুন বরাদ্দ গ্রহীতাকে জেলা পরিষদের সাথে পুনরায় ৩০০/-(তিন শত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত দোকান ঘরের পজেশন অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না বা সাবলীজ প্রদান করা যাবে না বা অন্য কাউকে ভাড়া প্রদান করা যাবে না। এরূপ কোন কার্যক্রম সংঘটিত হলে বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং পজেশন/ দোকানের সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।

২৩. বরাদ্দ গ্রহীতার অবর্তমানে তার মনোনীত নমিনি বা মৃত্যুজনিত কারণে তার বৈধ নমিনি অথবা আইন সম্মত বৈধ উত্তরাধিকারী (আদালত কর্তৃক জারীকৃত উত্তরাধিকার সনদপত্র মোতাবেক) বৈধ বরাদ্দ গ্রহীতা বলে গণ্য হবেন। এক্ষেত্রে হস্তান্তর ফি প্রয়োজন না হলেও নতুনভাবে জেলা পরিষদের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে।

২৪. বরাদ্দ গ্রহীতার মনোনীত কোন নমিনি না থাকলে বা কোন বৈধ ওয়ারিশ/উত্তরাধিকারী না থাকলে বরাদ্দ গ্রহীতার পরিশোধিত সেলামি ও জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করে বর্ণিত পজেশন/ দোকানঘর সরাসরি জেলা পরিষদের নিয়ন্ত্রণে আসবে এবং জেলা পরিষদ, লালমনিরহাট পজেশন/ দোকানঘর বরাদ্দ প্রদানের নিমিত্ত পুনরায় কার্যক্রম গ্রহণ করতে পারবে।

২৫. তথ্য গোপন করে অথবা ভুল তথ্য পরিবেশন করে যদি কেউ ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করে তবে তার দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৬. পজেশন/ দোকানঘর সম্পর্কে কোন বিজ্ঞ আদালতের কোনরূপ আদেশ/নিষেধাজ্ঞা প্রযোজ্য হলে এ বিষয়ে বিধিমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

২৭. কর্তৃপক্ষ যে কোন সময় দোকানঘর পরিদর্শনের অধিকার সংরক্ষণ করে এবং পজেশন/ দোকানঘর সংক্রান্ত কোনরূপ জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮. জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৯. যে কোন অমিমাংসিত বিষয়ে বা কোন জটিলতার উদ্ভব হলে জেলা পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।


(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট
ইমেইলঃ zplalmonirhat@lgd.gov.bd
মোবাইলঃ ০১৩১৭৪৭৭৮৪৮

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৩১. ০০২. ২৫- ৭১৯

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ আদিতমারী, লালমনিরহাট।
৭। ..............................................।
৮। অফিস কপি।

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট

| |
|---|
| পাসপোর্ট আকারের ছবি |

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

## পজেশন/ দোকান বরাদ্দের অনলাইন নিলামের আবেদন ফরম

**ক) যে পজেশন/ দোকানের জন্য প্রস্তাব দাখিল করা হচ্ছে তার নামঃ ( ✓ দিন)**

☐ আদিতমারীর ১ নং পজেশন ( পূর্ব দিকের ১ম দোকানের পজেশন)

☐ আদিতমারীর ২ নং পজেশন (পূর্ব দিকের ২য় দোকানের পজেশন)

☐ সদর ডাকবাংলোর উত্তর পাশের দোকান

**খ) দরদাতার তথ্যঃ**

ব্যবসায়ী প্রতিষ্ঠানের নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

আবেদনকারীর নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

পিতার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

মাতার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

জাতীয় পরিচয়পত্র নম্বর (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

স্থায়ী ঠিকানাঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

বর্তমান ঠিকানাঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

সচল মোবাইল নং- . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ট্রেড লাইসেন্সে উল্লিখিত ব্যবসার ধরণ (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

TIN (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

যে ধরণের ব্যবসার জন্য ভাড়া নিতে ইচ্ছুক তার বিবরণঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ব্যবসায়িক পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

গ) **নমিনির তথ্যঃ**

| ক্র. | নমিনির নাম ও ঠিকানা | নমিনির সাথে সম্পর্ক | অংশের পরিমাণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**ঘ) প্রস্তাবিত সেলামী মূল্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) :**

অংকেঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

কথায়ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ঙ) **দরপত্র ক্রয় মূল্য ও জামানতের তথ্যঃ**

- মোট পরিমাণঃ ৫২, ০০০/ - ( বাহান্ন হাজার টাকা)
- জমা প্রদানের প্রক্রিয়াঃ ( ✓ দিন)
  - ☐ নির্ধারিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি জমা প্রদান
  - ☐ অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফার
- সরাসরি জমা প্রদানের ক্ষেত্রে (জমা স্লিপ সংযুক্ত করতে হবে) :

  জমা প্রদানের তারিখঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

  জমা প্রদানকারীর নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
- অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফারের ক্ষেত্রে (অনলাইন ব্যাংক ট্রান্সফার রশিদ সংযুক্ত করতে হবে) :

  জমা প্রদানের তারিখঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

  যে ব্যাংক হতে ট্রান্সফার করা হয়েছে তার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

  ট্রাঞ্জেকশন আইডিঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

চ) **ঘোষণাঃ** আমি ঘোষণা করছি যে, প্রদত্ত সকল তথ্য সঠিক এবং কোন ভুল তথ্য প্রদান করা হয়নি। যদি কোন ভুল তথ্য প্রদান করা হয়, তবে আমার বিরুদ্ধে যে কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হলে তা নির্দ্বিধায় মেনে নিতে আমি বাধ্য থাকবো।

তারিখঃ

দরদাতার স্বাক্ষর

